



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৫

তৃতীয় সমাবর্তনে অংশগ্রহণকারীদের জ্ঞাতব্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ৩য় সমাবর্তন আগামী ৭ই জুন, ২০০৩ শনিবার বেলা ১২টায় বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণের জন্যে যারা নিবন্ধিত হয়েছেন, তাদেরকে ইতোমধ্যে আমন্ত্রণ জানানো হয়েছে।

সমাবর্তনে অংশগ্রহণকারী শিক্ষার্থীর জন্য প্রয়োজনীয় তথ্য ও জ্ঞাতব্য :

- সমাবর্তনের স্থান : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, বোর্ড বাজার, গাজীপুর।
- গাউন সংগ্রহের তারিখ, সময় ও স্থান : ৫ ও ৬ জুন, ২০০৩, সকাল ৯-৩০টা থেকে ৪-৩০টা পর্যন্ত বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, বোর্ড বাজার, গাজীপুর।
- **দ্রষ্টব্য :** গাউন সংগ্রহের সময় আমন্ত্রণপত্র ও শিক্ষার্থী কার্ড প্রদর্শন করতে হবে এবং সাময়িক সনদপত্র (যদি নিয়ে থাকেন) জমা দিতে হবে।
- বাসযোগে বাউবি ক্যাম্পাসে আগমন : ৭ জুন, ২০০৩, সকাল ৯-৩০টা পর্যন্ত সংসদ ভবনের দক্ষিণ প্রাঙ্গণ (মানিক মিয়া এডিনিউ, ঢাকা) বিআরটিসি'র ভলবো দোতলা বাস (সমাবর্তন ব্যানার চিহ্নিত) অপেক্ষা করবে। বাসগুলো সরাসরি ৯-৩৫ মিনিটে সমাবর্তনে অংশগ্রহণকারীদের (শিক্ষার্থীদের) নিয়ে ক্যাম্পাসের উদ্দেশে রওনা হবে। বাসে যাতায়াতে কোন ভাড়া লাগবে না।
- সমাবর্তন প্যাভিলে আসন গ্রহণ : ৭ জুন, ২০০৩, সকাল ১১-০০টার মধ্যে প্যাভিলে নির্দিষ্ট আসন গ্রহণ করতে হবে।
- মূল সনদপত্র গ্রহণ এবং গাউন ফেরত প্রদান : ৭ জুন, ২০০৩, অপরাহ্ন ৩-৩০টা থেকে নির্দিষ্ট বৃথ থেকে মূল সার্টিফিকেট দেয়া হবে এবং সার্টিফিকেট গ্রহণের পূর্বেই সংগৃহীত গাউন ফেরত দিতে হবে।
- নির্ধারিত বাসযোগে ক্যাম্পাস হতে প্রস্থান : অপরাহ্ন ৫-৩০টায় ক্যাম্পাস হতে বাস ঢাকা অভিমুখে রওনা হবে।

বিঃ দ্রঃ আমন্ত্রণপত্র ব্যতীত কেউ সমাবর্তন প্যাভিলে প্রবেশ করতে পারবে না। মোবাইল ফোন, হ্যান্ডব্যাগ, ক্যামেরা ও ছোট ছেলেমেয়ে নিয়ে সমাবর্তন প্যাভিলে যাওয়া যাবে না।

পি-১৪৬৩/০৩ (৬'x৩)

মোঃ মঞ্জুর-ই-বোদা তরফদার
রেজিস্ট্রার।